

পায়রা হবে স্মার্ট দেশের স্মার্ট বন্দর : চেয়ারম্যান

✍ পটুয়াখালী (উপকূল) প্রতিনিধি || রাইজিংবিডি.কম

🕒 প্রকাশিত: ২০:২০, ২৪ আগস্ট ২০২৩



পায়রা গভীর সমুদ্র বন্দরের চেয়ারম্যান রিয়ার এডমিরাল গোলাম সাদেক বলেছেন, 'পায়রা হবে স্মার্ট দেশের স্মার্ট বন্দর। সেই লক্ষ্যে সবাই একসঙ্গে কাজ করলে ২০৪১ সালের মধ্যে মাস্টার প্লান অনুযায়ী পূর্ণাঙ্গ বন্দরে পরিণত হবে।'

বৃহস্পতিবার (২৪ আগস্ট) বেলা সাড়ে ১১টায় বন্দর কর্তৃপক্ষের সভাকক্ষে অংশীজনদের নিয়ে মতবিনিময় সভায় তিনি এ সব কথা বলেন।

পায়রা বন্দর চেয়ারম্যান বলেন, 'বর্তমানে ১০.৫ মিটার গভীরতার জাহাজ বন্দরে অনায়সে প্রবেশ করছে। ইতোমধ্যে বন্দর কর্তৃপক্ষ দেশি-বিদেশি ১৭৯৮টি জাহাজের পণ্য খালাসের মাধ্যমে ৮৩৫ কোটি টাকা রাজস্ব আয় করেছে। পায়রা বন্দর অপারেশনাল পোর্ট। পায়রা বন্দরের মাধ্যমে দেশকে অর্থনৈতিক সাপোর্ট দিয়ে যাওয়া সম্ভব হবে। আমাদের এখন স্লোগান হচ্ছে— পায়রা বন্দর হবে আগামীর বাংলাদেশ।'

এ সময় পায়রা বন্দরের সদস্য রাজিব ত্রিপুরা, ক্যাপ্টেন জাহিদ হোসেনসহ শিপিং এজেন্ট, কাস্টমস কর্মকর্তা, পায়রা বন্দর কর্তৃপক্ষ কর্মকর্তা, জেটি-ঘাটের প্রতিনিধি ও গণমাধ্যকর্মীরা উপস্থিত ছিলেন।

সভায় বন্দরের অপারেশন, বন্দর এলাকায় জেটি, স্থাপনা নির্মাণ ও ব্যবহার বিষয়ক বিধি বিধান এজেন্ট অপারেটর তালিকাভুক্তি, শ্রমিক সরবরাহ বিষয়ক বিধি-বিধান, বন্দরের সুযোগ সুবিধা ও বাণিজ্যিক কার্যক্রম বৃদ্ধি বিষয়ে আলোচনা করা হয়।

অনলাইনে যুক্ত হয়ে পায়রা বন্দরের সমস্যা ও সম্ভাবনার বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য রাখেন খুলনা কাস্টমস কর্মকর্তা সফিউজ্জামান, বাংলাদেশ শিপিং এজেন্ট অ্যাসোসিয়েশনের স্টেকহোল্ড সৈয়দ মোহাম্মদ আরিফ প্রমুখ।

ইমরান/বকুল